দৈনিক ইত্তেফাক

তারিখ 2 APR 1987
পৃষ্ঠা 1 কলাম 3

2

# শীঘ্রই জাতীয় শিক্ষা কমিটি গঠিত হইবে

বাসস জানায়, শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলিয়াছেন, শিক্ষা পদ্ধতি সম্পর্কে সুপারিশ করার জন্য একটি জাতীয় শিক্ষা কমিটি গঠন করা হইবে। কমিটি নির্দিষ্ট সময়ের মধ্যে উহার সুপারিশ পেশ করিবে। মন্ত্রী গতকাল (বুধবার) শিল্পকলা একাডেমী মিলনায়তনে জাতীয়

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## শিক্ষা কমিটি গঠিত হইবে

(১ম পৃঃ পর)

শিক্ষা সপ্তাহের সমাপ্তি অধিবেশনে একথা বলেন। অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী গোলাম সারোয়ার মিলন, শিক্ষা সচিব ও ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ২১টি স্কুল ও ৪টি কলেজকে উত্তম শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে পুরস্কার দেওয়া হয়। মন্ত্রী সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যেও পুরস্কার বিতরণ করেন। শিক্ষামন্ত্রী বলেন, আগামী তিন বছরের মধ্যে পুরাতন ২১টি জেলার প্রতিটি জেলায় একটি করিয়া বিশ্ববিদ্যালয় কলেজ হইবে। ইহাছাড়া, যে সকল কলেজে সুযোগ-সুবিধা আছে সেখানে অনার্স কোর্স চালু করা হইবে। তিনি বলেন, ১৯৯০ সনের মধ্যে সিলেট ও খুলনা বিশ্ববিদ্যালয় চালু হইবে। মন্ত্রী নয়া শিক্ষা পদ্ধতি সফল করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।